# নামজারি মিস কেইস আবেদনের নমুনা PDF

বোঝার সুবিধার্থে নিচে একটি কাল্পনিক নমুনা দেওয়া হলো:

বরাবর,
সহকারী কমিশনার (ভূমি)
সাভার, ঢাকা।

বিষয়: নামজারি ও জমাভাগ কেইস নং ৪৫৬/২০২৪ এর আদেশ পুনর্বিবেচনা (Review) পূর্বক নামজারি মঞ্জুরির আবেদন।

১। মোঃ রহিম উদ্দিন
পিতা: মৃত কলিম উদ্দিন
সাং: বলিয়াপুর, থানা: সাভার, জেলা: ঢাকা।
মোবাইল: ০১৭১১-০০০০০০
——— প্রার্থী/বাদী

বনাম
১। মোঃ জব্বার আলী
পিতা: মৃত ছমির উদ্দিন
সাং: বলিয়াপুর, থানা: সাভার, জেলা: ঢাকা।
——— বিবাদী/প্রতিপক্ষ

জনাব,
বিনীত নিবেদন এই যে, আমি নিম্ন তফসিল বর্ণিত জমির প্রকৃত মালিক ও দখলকার। আমি উক্ত জমি বিগত ১০/০১/২০২৪ তারিখে ৩২২১ নং সাব-কবলা দলিল মূলে খরিদ করি এবং শান্তিপূর্ণভাবে ভোগদখল করে আসছি।

উক্ত জমি আমার নিজ নামে নামজারি করার জন্য আমি গত ২০/০২/২০২৪ তারিখে ৪৫৬/২০২৪ নং নামজারি মোকদ্দমা দায়ের করি। কিন্তু অত্যন্ত দুঃখের বিষয় এই যে, শুনানির দিন ভুলবশত আমি মূল দলিল প্রদর্শন করতে ব্যর্থ হওয়ায় গত ১৫/০৩/২০২৪ তারিখে আমার নামজারি আবেদনটি না-মঞ্জুর করা হয়। প্রকৃতপক্ষে দলিলটি তখন আমার আইনজীবীর নিকট থাকায় আমি দেখাতে পারিনি, যা অনিচ্ছাকৃত ভুল ছিল। বর্তমানে আমার কাছে জমির মালিকানার সকল বৈধ কাগজপত্র (মূল দলিল, ভায়া দলিল, খাজনার দাখিলা) বিদ্যমান রয়েছে।

এমতাবস্থায়, ন্যায়বিচারের স্বার্থে উক্ত নামজারি মোকদ্দমার আদেশটি পুনর্বিবেচনা করা একান্ত আবশ্যক।

অতএব, মহোদয়ের নিকট আকুল প্রার্থনা এই যে, আমার দাখিলকৃত দলিলাদি সদয় বিবেচনা করে ৪৫৬/২০২৪ নং নামজারি মোকদ্দমার না-মঞ্জুর আদেশটি বাতিলপূর্বক আমার নামে নামজারি ও জমাভাগ মঞ্জুর করার সদয় আদেশ দানে মর্জি হয়।

তফসিল পরিচয়:
জেলা: ঢাকা, থানা: সাভার
মৌজা: বলিয়াপুর, জে.এল নং: ১২
এস.এ খতিয়ান: ৫০, আর.এস খতিয়ান: ৭৫
এস.এ দাগ: ১২০, আর.এস দাগ: ১৩৫

জমির পরিমাণ: ১০ শতাংশ।

বিনীত নিবেদক,

(স্বাক্ষর)

মোঃ রহিম উদ্দিন

তারিখ: ২৫/১১/২০২৫